

কোরানে আধ্যাত্মিকতাঃ কিছু প্রশ্ন -বিপ্লব

জামিমূল বাশার জানালেন কোরান আধ্যাত্মিক বক্তব্যে ভরপুর। তবে বক্তব্যটা এনক্রীপটেড। কোডিফায়েড। আধুনিক কবিতার গুপ্ত গদ্য। সরাসরি অনুবাদ করলে উলটোপুরান রচনা হয়।

আধ্যাত্মিকতা মানুষের মৌলিক চাহিদা, যা শুরু হয় কতগুলি মৌলিক প্রশ্ন থেকে।

- আমি কে?
- আমার সত্ত্বা(self) কি?
- আমার সত্ত্বার স্বাধীন এবং পরাধীন অস্তিত্ব (existence) কি কি?
- আমার সাথে সৃষ্টির (Universal creation) সম্পর্ক কি?
- এই সৃষ্টির উদ্দেশ্য কি (objective of creation)?
- এই সৃষ্টি নশ্বর না অবিনশ্বর? এবং কেন? (এটা বিজ্ঞানের ব্যাপার। উত্তর না দিলেও চলবে।)
- মানবজীবনের উদ্দেশ্য কি?
- মুক্তি (freedom/liberation) এবং বন্ধন (bondage) : এর দ্বৈতসত্ত্বার (dualism) ব্যাখ্যা কি?

কোরান, বাইবেল, গীতা সবই হল এই চাহিদা মেটাবার পন্য (product)। বিজ্ঞানের গভীর অনুসন্ধানও এই চাহিদা মেটে-যেমন আমি মেটাচ্ছি। এই অনুসন্ধান জীবনভোর চলতে থাকবে। কোরান বিশেষজ্ঞরা কোরানে এর উত্তরগুলি জানালে বাধিত হই। উত্তর দেওয়ার সময় মনে রাখবেন আল্লা বা ঈশ্বরও এই মৌলিক চাহিদা মেটাবার একটি পন্য। এটাই সমাজবিজ্ঞান, মনোবিজ্ঞান বা অর্থনীতির আধুনিক ব্যাখ্যা। সুতরাং হাত কেটেছে কেন, এর উত্তরে যদি বলেন নিউসম্প্রিন লাগানোর জন্য, তাহলে ভেজাল উত্তর হল (একে টটোলজিকাল বা বৃত্তীয়ভুল বলে)। হিন্দু এবং বৌদ্ধ দর্শনে ভেজাল আছে বটে, তবে আমার বর্ণিত প্রশ্নগুলির ঈশ্বরবিহীন উত্তর পাওয়া যায়-যাতে গোঁজামিল আছে, কিন্তু টটোলোজিকাল ভুল নেই।

কোরানে এই প্রশ্নগুলির যে উত্তর পাচ্ছি, তাতে সব কিছুতেই আল্লা। আল্লা/ঈশ্বর এই মৌলিক উত্তরে ঢোকা মানেই বিশুদ্ধ ভেজাল। সবটাই মাটি। ব্যাপারটা দাঁড়ায় কোকের বিজ্ঞাপন-তেস্টা পায় কেন? কোক খাওয়ার জন্য! যেন কোক ছারা আর কোন কোলড ড্রিংস বাজারে নেই। অবশ্য বাজার অর্থনীতির নিয়ম মেনেই কোরান, বাইবেল এবং গীতা বিজ্ঞাপন দিয়ে চলেছে-তাদের আল্লা/ঈশ্বরেই জন্যই এই মানবজীবন! বাকীরা ধাপ্লাবাজ! জানেনইতো বাজার অর্থনীতির

এডভেটাইজমেন্ট! কোক বলে পেপসি জল/ পেপসি কয় কোকে ভেজাল।

বিজ্ঞানের (প্রাকৃতিক, প্রাণ এবং সমাজ) দৃষ্টিভঙ্গীতে, খদ্দের টানার জন্য এ বিশুদ্ধ ধাপ্লাবাজির বিজ্ঞাপন। বিজ্ঞাপন যেমন হয় আর কি! বরং উলটোটাই সত্যি। মানবজীবনের কিছু চিরন্তন অথচ অতিপ্রয়োজনীয় দর্শনের চাহিদা মেটাবার জন্যই ঈশ্বর/আল্লা, নানান ধর্মের এবং দর্শনের সৃষ্টি। বাকীটা ভেজাল।

এটাও হতে পারে, কোরানের আরো উন্নততর ব্যাখ্যা জমিমুল বাশার জানেন এবং তিনি এই প্রশ্ন সমূহের আল্লাবিহীন উত্তর দিতে সক্ষম হবেন। তিনি বা অন্যকোন কোরান বিশেষজ্ঞ এই মৌলিক প্রশ্নগুলির কোরানসম্মত (আয়াত ধরে) ব্যাখ্যা দিলে বাধিত হই। উত্তর আল্লাবিহীন হওয়া চাই। নইলে আধ্যাত্মিক প্রোডাক্টের গুণমান বিচারে এ এক সম্পূর্ণ ভেজাল বিজ্ঞাপন সর্বস্ব কিতাব হবে।

মনে রাখবেন এই একবিংশ শতাব্দীতে, বাজার অর্থনীতিতে টিকতে গেলে, প্রোডাক্টকে বিজ্ঞানের কস্টিপাথরে যাচাই হয়ে আসতে হবে। বিজ্ঞানের কোন দায় নেই, কোন ধর্মগ্রন্থে কি বকেছে, সেটা নিয়ে মাথা ঘামানোর (ফ্রান্সিস বেকন)।

ক্যালিফোর্নিয়াঃ১০/১৩/০৫